



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 2/22/2021

গভর্নর অ্যাঙ্কু এম. কুওমো

গভর্নর কুওমো নার্সিং হোম পরিদর্শনের জন্য প্রসারিত নির্দেশিকা ঘোষণা করেছেন

প্রসারিত নির্দেশিকার অধীনে পরিদর্শন CMS এবং CDC নির্দেশিকা অনুযায়ী 26 ফেব্রুয়ারি থেকে শুরু হতে পারে

স্বাস্থ্য বিভাগ নার্সিং হোম দর্শনার্থীদের প্রবেশের আগে একটি দ্রুত পরীক্ষা করানোর পরামর্শ দেয়; DOH বিনামূল্যে নার্সিং হোমগুলিকে দ্রুত পরীক্ষা প্রদান করবে দর্শনার্থীদের থেকে কোন খরচ না নিয়ে

গভর্নর অ্যাঙ্কু এম. কুওমো আজ ঘোষণা করেন যে 26 ফেব্রুয়ারি থেকে শুরু হবে সেন্টার্স ফর মেডিকেশ্যার অ্যান্ড মেডিকেইড সার্ভিসেস (Centers for Medicare & Medicaid Services, CMS) এবং সেন্টার্স ফর ডিজিজ কন্ট্রোল অ্যান্ড প্রিভেনশন (Centers for Disease Control and Prevention, CDC) এর নির্দেশিকা অনুযায়ী নার্সিং হোমের বাসিন্দাদের পরিদর্শনের জন্য নতুন, প্রসারিত নির্দেশিকা। স্বাস্থ্য বিভাগ (Department of Health, DOH) দর্শনার্থীদের ফেসিলিটিতে প্রবেশ করার আগে একটি দ্রুত পরীক্ষা করানোর পরামর্শ দেয়, এবং DOH বিনামূল্যে নার্সিং হোমগুলিকে দ্রুত টেস্ট প্রদান করবে যাতে তাদের সাক্ষাৎ প্রার্থীদের অন-সাইট পরীক্ষা করাতে সুবিধা হয় বিনামূল্যে। সাক্ষাৎ করা নির্ভর করে নার্সিং হোমগুলি 14 দিন ধরে COVID-19 কেস থেকে মুক্ত থাকার উপর এবং এই ফেসিলিটিটি বর্তমানে প্রাদুর্ভাবের পরীক্ষা করছে না।

"এই ভাইরাসের সব চেয়ে ধ্বংসাত্মক দিকগুলির একটি হচ্ছে কিভাবে এটি পরিবারগুলিকে তাদের প্রিয়জনদের থেকে আলাদা করেছে, যা এক ইতিমধ্যেই একটি কঠিন পরিস্থিতিতে আরও কঠিন করে তুলেছে," **গভর্নর কুওমো বলেন।** "নিউ ইয়র্কবাসীদের নিষ্ঠার সুবাদে, আমরা এখন এমন এক পর্যায়ে এসেছি যেখানে আমরা আবাসিকদের স্বাস্থ্য এবং নিরাপত্তা রক্ষার জন্য কঠোর নির্দেশিকার অধীনে নার্সিং হোম পরিদর্শন বাড়াতে শুরু করতে পারি।"

যে সব কাউন্টিতে 7 দিনের রোলিং গড়ে COVID-19 এর ইতিবাচকতার হার 5-10 শতাংশের মধ্যে রয়েছে, তাদের জন্য সাক্ষাৎ প্রার্থীদের পরীক্ষা করানো প্রয়োজন এবং সাক্ষাৎ প্রার্থীদের হয় একটি নেতিবাচক COVID-19 পরীক্ষা পেশ করতে হবে, হয় PCR অথবা দ্রুত, 72 ঘন্টার মধ্যে, অথবা ফেসিলিটিগুলি দ্রুত পরীক্ষা রপ্ত করতে পারে প্রয়োজন পূরণ করার জন্য। যে সব কাউন্টিতে COVID-19 এর ইতিবাচকতার হার 7 দিনের গড়ে 5 শতাংশের নিচে, সাক্ষাৎ প্রার্থীদের পরীক্ষা করানো দৃঢ়ভাবে উৎসাহিত করা হয় এবং দ্রুত পরীক্ষা ব্যবহার করা যেতে পারে। বিকল্প হিসেবে,

দর্শনার্থীরা সাক্ষাতের তারিখ থেকে অন্তত 14 দিন আগে এবং 90 দিনের মধ্যে একটি COVID-19 টিকাকরণ সম্পূর্ণ করার প্রমাণ প্রদান করতে পারেন। যদি কাউন্টির COVID-19 ইতিবাচকতার হার দশ শতাংশের বেশি হয় তাহলে সাক্ষাতের অনুমতি দেওয়া হবে না। সহানুভূতিশীল পরিচর্যার সাক্ষাৎ সব সময় অনুমোদিত হয়।

বাসিন্দাদের চাহিদা এবং একটি ফেসিলিটির কাঠামোর উপর ভিত্তি করে, সাক্ষাৎ আবাসিক কক্ষে, নিবেদিত সাক্ষাতের কক্ষে এবং বাইরে পরিচালিত করা যেতে পারে। নার্সিং হোমে আসা দর্শনার্থীদের সংখ্যা যে কোন সময় আবাসিকদের জনসংখ্যার 20 শতাংশ অতিক্রম করবে না এবং সাক্ষাতের জন্য বরাদ্দকৃত সময় এই ধারণক্ষমতার সীমাবদ্ধতার কথা বিবেচনা করে স্থির করা উচিত।

নার্সিং হোমে সাক্ষাতের জন্য সম্পূর্ণ DOH নির্দেশিকা [এখানে](#) পাওয়া যাবে।

###

আরো সংবাদ পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

[আনসাবস্ক্রাইব করুন](#)